গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জকিগঞ্জ, সিলেট
www.zakiganj.sylhet.gov.bd

উপজেলা ইনোভেশন টিমের আগস্ট ২০২৪ মাসের সভার কার্যবিবরণী।
সভাপতি: আফসানা তাসলিম
উপজেলা নির্বাহী অফিসার, জকিগঞ্জ, সিলেট।
সভার তারিখ ও সময়: ২৮/০৮/২০২৪ দুপুর ১২.৩০ টা
সভার স্থান: উপজেলা পরিষদ অডিটোরিয়াম।
সভার উপস্থিতি ও অনুপস্থিত সদস্যদের তালিকা: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অত:পর সভায় আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | ইনোভেশন সংক্রান্ত বাৎসরিক কর্মপরিকল্পনা: সভাপতি জানান, 'বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন নির্দেশিকা ২০২৪-২০২৫' এর আলোকে বিস্তারিত আলোচনা হয়েছে। 'বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫' যথযথভাবে প্রনয়ণের জন্য সকলকে তৎপর হওয়া প্রয়োজন। | ক। 'বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫' বাস্তবায়নে ইনোভেশন টিমের সকল সদস্যকে তৎপর হতে হবে। | উপজেলা ইনোভেশন কমিটির সদস্য (সকল) |
| ০২ | উদ্ভাবন কর্মপরিকল্পনার স্ব-মূল্যায়ন প্রতিবেদন: 'বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২০২৪' এর আলোকে উপজেলা পর্যায়ের উদ্ভাবন কর্ম-পরিকল্পনার বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>সভাপতি উপজেলা পর্যায়ে নাগরিক সেবা সহজীকরণের লক্ষ্যে নিম্নোক্ত উদ্ভাবনী ধারণা/উদ্যোগ গ্রহণ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি জানান যে, উপজেলা পর্যায়ে হেল্প ডেস্ক স্থাপনের মাধ্যমে সেবা সহজীকরণ করা যেতে পারে। সেবা সহজীকরণের লক্ষ্যে উপজেলা অফিস প্রাঙ্গণে দর্শনীয় স্থানে সিটিজেন চার্টারের ন্যায় "জিজ্ঞাসা" নামীয় ডিজিটাল মনিটর বোর্ড স্থাপন। এতে করে কোন অফিস কি ধরনের সেবা দিয়ে থাকে তা জনগনকে সহজে জানানো যাবে। সেবা প্রার্থীগণ বোর্ডের মাধ্যমে সহজে জানতে পারবে কোন সেবা নিতে কোন দপ্তরে যোগাযোগ করতে হবে।<br><br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ডা: রাজিব চক্রবর্তী সভাকে জানান যে, আশ্রয়ন প্রকল্পে কবুতর পালনের মাধ্যমে নারীর আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে আশ্রয়ন প্রকল্পে ২০২৩-২০২৪ অর্থবছরে ১০ টি পরিবারের মাঝে ২০ টি কবুতর (বাসা ও খাদ্যসহ) বিতরণ ও তদারকির মাধ্যমে অর্থনৈতিক আয়ের সুযোগ সৃষ্টি করা হয়েছে।<br><br>উপজেলা কৃষি অফিসার, জনাব মো: আব্দুল মোমিন সভাকে জানান যে, ২০২৩-২৪ অর্থবছরে শাহগলিবাজার আশ্রয়ন প্রকল্পে ১২টি এবং মইয়াখালী আশ্রয়ন প্রকল্পে ১৮টি সহ মোট ৩০টি পরিবারে ১৫ ধরনের সবজির বীজ এবং তিন ধরনের (২টি মাল্টা, ২টি পেয়ারা ও ২টি সীডলেস লেবুর চারা) ২টি করে মোট ৬টি চারা বিনামূল্যে বিতরণ করে পারিবারিক সবজি ও পুষ্টি বাগান (কালিকাপুর মডেল) স্থাপন করা হয়। আশ্রয়ন প্রকল্পে অবস্থানকারী পরিবারের সারা বছরের সবজি থেকে পুষ্টির চাহিদা পূরণ হবে। | ক) উদ্ভাবন কর্ম-পরিকল্পনার বার্ষিক মূল্যায়নে সংশ্লিষ্ট সকলকে তৎপর হতে হবে।<br>সকল অফিস কর্তৃক উদ্ভাবনী ধারণা / উদ্যোগ গ্রহণ করে এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হয়।<br>খ) উদ্ভাবনী ধারণা/উদ্যোগ উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>গ) ডিজিটাল মনিটর বোর্ড স্থাপনের মাধ্যমে সেবা সহজীকরণের লক্ষ্যে উপজেলা অফিস প্রাঙ্গণে দর্শনীয় স্থানে সিটিজেন চার্টারের ন্যায় "জিজ্ঞাসা" নামীয় ডিজিটাল মনিটর বোর্ড স্থাপন করার উদ্যোগ গ্রহণ করতে হবে। এতে করে কোন অফিস কি ধরনের সেবা দিয়ে থাকে তা জনগনকে সহজে জানতে পারবে। সেবা প্রার্থীগণ বোর্ডের মাধ্যমে সহজে জানতে পারবে কোন সেবা নিতে কোন দপ্তরে যোগাযোগ করতে হবে। এবিষয়ে সহকারী প্রোগ্রামার, জকিগঞ্জ, সিলেট-কে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়।<br>ঘ) উপজেলা প্রাণিসম্পদ ও কৃষি কর্মকর্তাকে বিভিন্ন ধরনের পশু পালন এবং সবজি ও পুষ্টি বাগান স্থাপনের মাধ্যমে পুষ্টির চাহিদা পূরনে আরো নানাবিধ পদক্ষেপ নেয়ার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা ইনোভেশন কমিটির সদস্য(সকল)/ **দপ্তর প্রধান (সকল)** |
| ০৩ | বিবিধ: একসেবা কার্যক্রম ও ৩৩৩ সহ অন্যান্য সকল নাগরিক সেবা সংক্রান্ত তথ্য বহুল প্রচারের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>উপজেলা ইনোভেশন টিমের নিয়মিত সভা আহ্বান ও সদস্যবৃন্দের উপস্থিত থাকার বিষয়ে আলোচনা করা হয়। | ক) ৩৩৩ সহ অন্যান্য সকল নাগরিক সেবা সংক্রান্ত তথ্য বহুল প্রচার অব্যাহত রাখতে হবে।<br>খ) সভায় সকল সদস্যের উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা ইনোভেশন কমিটির সদস্য(সকল)/ **দপ্তর প্রধান (সকল)** |

পরিশেষে সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/৮/২৪
আফসানা তাসলিম
উপজেলা নির্বাহী অফিসার
জকিগঞ্জ, সিলেট
মোবা: ০১৭৩০৩৩১০৪০

তারিখ: ২৮/০৮/২০২৪খ্রি.

স্মারক নং- ০৫.৪৬.৯১৯৪.০০০.১৮.০১২.১৯.৭১৩

অনুলিপি-সদয় জ্ঞাতার্থে:
০১। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
০২। জেলা প্রশাসক, সিলেট
০৩। প্রশাসক, উপজেলা পরিষদ, জকিগঞ্জ, সিলেট

অনুলিপি-জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:
০৪-১১। উপজেলা...................................... কর্মকর্তা, জকিগঞ্জ, সিলেট।
১২। অফিসার ইনচার্জ, জকিগঞ্জ থানা, সিলেট।
১৩-১৬। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, ............................................কলেজ/উচ্চ বিদ্যালয়, জকিগঞ্জ, সিলেট।
১৭। সহকারী প্রোগ্রামার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (তথ্য ও যোগযোগ প্রযুক্তি অধিদপ্তর), জকিগঞ্জ, সিলেট।
১৮-২৬। চেয়ারম্যান, ................................... ইউপি (সকল), জকিগঞ্জ, সিলেট।
২৭। পোস্ট মাস্টার, জকিগঞ্জ পোস্ট অফিস, জকিগঞ্জ, সিলেট।
২৮-৩৬। উদ্যোক্তা.................................. ইউনিয়ন ডিজিটাল সেন্টার (সকল), জকিগঞ্জ, সিলেট।

২৮/৮/২৪
উপজেলা নির্বাহী অফিসার
জকিগঞ্জ, সিলেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জকিগঞ্জ, সিলেট
www.zakiganj.sylhet.gov.bd

**উপজেলা ইনোভেশন টিমের আগস্ট ২০২৪ মাসের সভা।**

উপজেলা ইনোভেশন টিমের আগস্ট ২০২৪ মাসের সভা আগামী ২৮-আগস্ট২০২৪ বুধবার দুপুর ১২:৩০টায় নিম্নস্বাক্ষরকারীর সভাপতিত্বে উপজেলা পরিষদ অডিটোরিয়ামে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সম্মানিত সদস্যবৃন্দ/সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে নির্ধারিত সময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আলোচ্যসূচীঃ
০১। গত সভার কার্যবিবরণী অনুমোদন।
০২। গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা ।
০৩। বিবিধ।

২২/৮/২৪
আফসানা তাসলিম
উপজেলা নির্বাহী অফিসার
জকিগঞ্জ, সিলেট
মোবা: ০১৭৩০-৩৩১০৪০

স্মারক নং-০৫.৪৬.৯১৯৪.০০০.১৭.০০৬.১৬. ৫৯৮ (০৯)

তারিখ: ২২/০৮/২০২৪খ্রি.

অনুলিপি-সদয় জ্ঞাতার্থে:
১) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
২) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
৩) সহকারী কমিশনার (ভূমি), উপজেলা ভূমি অফিস, জকিগঞ্জ, সিলেট। অবগতি ও কার্যার্থে।
৪) উপজেলা কৃষি কর্মকর্তা, জকিগঞ্জ, সিলেট
৫) উপজেলা মৎস্য অফিসার, জকিগঞ্জ, সিলেট
৬) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জকিগঞ্জ, সিলেট
৭) উপজেলা সমাজসেবা অফিসার, জকিগঞ্জ, সিলেট
৮) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জকিগঞ্জ, সিলেট
৯) সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জকিগঞ্জ, সিলেট

২২/৮/২৪
উপজেলা নির্বাহী অফিসার
জকিগঞ্জ, সিলেট